

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
এপিএ সেল
www.khulnadiv.gov.bd



স্মারক নম্বর: ০৫.৪৪.০০০০.০১৮.০৯.০০৪.২০.১০৯

তারিখ: ৮ আশ্বিন ১৪২৭

২৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নের নিমিত্ত উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে-বর্ণিত স্মারকের প্রেক্ষিতে ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত এ কার্যালয় থেকে নিম্নবর্ণিত বিষয়ে উত্তম চর্চা (Best Practices) প্রতিবেদন প্রনয়ণ করা হয়েছে:

০১. (ক) উত্তম চর্চার শিরোনাম: এ কার্যালয়ের/ অধীনস্থ অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের জিপিএফ হতে অগ্রিম মঞ্জুর:

(খ) উত্তম চর্চার বিবরণ: এ কার্যালয় এবং অধীনস্থ জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ভূমি অফিসে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলনের আবেদন নিষ্পত্তি করা হচ্ছে।

(গ) প্রমাণক: ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম আবেদনের ক্ষেত্রে (নিষ্পত্তি মূলক) সিদ্ধান্ত প্রদান।

০২. (ক) উত্তম চর্চার শিরোনাম: অফিস আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্নকরণ :

(খ) উত্তম চর্চার বিবরণ: বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ভবনে বিভিন্ন সরকারি দপ্তর রয়েছে। পরিচালক স্বাস্থ্য এর কার্যালয়। উপ-ভূমি সংস্কার কমিশনার এর অফিস, বিভাগীয় সমবায় এর কার্যালয়, জোনাল সেটেলমেন্ট অফিস, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সহ ভবন সংলগ্ন অফিসের পরিচ্ছন্নতাকর্মীদের অফিস পরিষ্কার রাখার জন্য কাজ ভাগ করে দেওয়া হয়েছে। প্রতি ০২ ঘন্টা পর পর টয়লেটসমূহ পরিষ্কার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিচ্ছন্নতাকর্মীদের কাজের তদারকি করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। এ ছাড়া মাঝে মাঝে সকল কর্মকর্তা সহযোগে অভিযান পরেচালনা।

(গ) প্রমাণক: ভবন সংলগ্ন বিভিন্ন অফিসের কর্মকর্তাদের নিয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা অবলোকন করা।

০৩. (ক) উত্তম চর্চার শিরোনাম: ই-নথির কার্যক্রমের শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন করে সনদ ও ক্রেস্ট প্রদান :

(খ) উত্তম চর্চার বিবরণ: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে এ কার্যালয়ের ই-নথির মাধ্যমে চিঠি পত্র নিষ্পত্তি করা হয়। ই-নথির কার্যক্রম গতিশীল রাখতে এবং ই-নথির কার্যক্রমে কর্মচারীদের অংশ গ্রহনে উৎসাহ উদ্দীপনা বৃদ্ধি করার লক্ষ্যে প্রতি মাসে ই-নথির কার্যক্রমের ক্ষেত্রে (ই-নথিতে ডাক উপস্থাপন, পত্রজারি এবং ই-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি) এ কার্যালয়ের সভাকক্ষে সকল কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে বিভাগীয় কমিশনার কর্তৃক শ্রেষ্ঠ কর্মচারীকে সনদ ও ক্রেস্ট প্রদান করা হচ্ছে। এ ধারা চলতি অর্থবছরেও অব্যাহত রাখার সিদ্ধান্ত রয়েছে।

(গ) প্রমাণক: ই-নথির কার্যক্রমে শ্রেষ্ঠ কর্মচারীকে সনদ ও ক্রেস্ট প্রদান।

০৪. (ক) উত্তম চর্চার শিরোনাম: সেবা প্রত্যাশীদের জন্য বিশ্রামাগারের ব্যবস্থা করা :

(খ) উত্তম চর্চার বিবরণ: এ কার্যালয়ে আগত সেবা প্রত্যাশীদের জন্য একটি বসার স্থান নির্মাণ করা হয়েছে। সেখানে বসার জন্য চেয়ার, হাত ধোয়ার বেসিন স্থাপন, সুপেয় পানি পানের ফিলটার স্থাপন, ফ্যান স্থাপন এবং সংবাদপত্র ইত্যাদি ব্যবস্থা করা হয়েছে। এ রুমের পাশে সিটিজেন চার্টার স্থাপন করা আছে। ফলে সেবা প্রত্যাশীগণ এ অফিসে আগমন করে বিশ্রাম নিতে পারবেন এবং তার কাজিত সেবা কোথা হতে কখন এবং কিভাবে পাবেন সেটা সহজে জানতে পারবেন।

এ পত্র মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।



২৩-৯-২০২০

ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার

বিভাগীয় কমিশনার

ফোন: ০৪১২৮৫০০৩৫

ফ্যাক্স: ০৪১২৮৫০০৩৬

ইমেইল: divcomkhulna@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ